গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-২ শাখা

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ২০২১-২০২২ অর্থবছরের বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্পসমূহের এপ্রিল, ২০২২ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোকাব্বির হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ১০/০৫/২০২২ |
| সভার সময় | দুপুর ০২.৩০ ঘটিকা |
| স্থান | Zoom Application Platform |
| উপস্থিতি | মেজর জেনারেল মোহাম্মদ আইয়ুব চৌধুরী, মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, জনাব মোঃ খায়রুল আলম সেখ, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), মোসাম্মাৎ শাহানারা খাতুন, অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ), জনাব ইসরাত চৌধুরী, অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ), ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম আনিসুল হক, মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, অতিরিক্ত প্রকল্প পরিচালক কর্ণেল আনোয়ার সাদত আবু মো: ফুয়াদ, জনাব উম্মে সালমা তানজিয়া, অতিরিক্ত মহাপরিচালক (মানব সম্পদ ব্যবস্থাপনা ও অর্থ), জনাব মো: আজিজুল ইসলাম, অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জনাব মোঃ রিজওয়ানুল হুদা, যুগ্ম সচিব, প্রকল্প পরিচালক, ১৫৬টি (সংশোধিত-১৪৩) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, জনাব আলী রেজা সিদ্দিকী, যুগ্ম সচিব, (পরিকল্পনা অধিশাখা), জনাব আরিফ আহমদ, যুগ্ম সচিব, (পরিকল্পনা-১), জনাব ড. সনজয় চক্রবর্তী, প্রকল্প পরিচালক, কারা প্রশিক্ষণ নির্মাণ প্রকল্প, রাজশাহী, জনাব মোঃ মোশারফ হোসেন, প্রকল্প পরিচালক, ডুবুরি সম্প্রসারণ প্রকল্প, জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপ-সচিব, (পরিকল্পনা-২), জনাব নুসরাত জাহান, নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, জনাব মো: শাহিন মিয়া , তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, জনাব মোঃ ছারোয়ার হোসেন, প্রকল্প পরিচালক, ১৬টি আঞ্চলিক পাসপোর্ট (সংশোধত ১৭টি) প্রকল্প, জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম, ডিআইজি প্রিজন্স ঢাকা ও প্রকল্প পরিচালক, কারা নিরাপত্তা আধুনিকায়ন (অতিরিক্ত দায়িত্ব), জনাব মো: শহীদ আতাহার হোসেন, প্রকল্প পরিচালক, ১১টি মর্ডাণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, লে. কর্নেল রেজাউল করিম, প্রকল্প পরিচালক ২৫টি (সংশোধিত-৪৩) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, জনাব মোঃ আনোয়ার উদ্দিন, যুগ্ম প্রধান, কার্যক্রম বিভাগ, জনাব মোঃ আব্দুল হাই, প্রকল্প পরিচালক, ০৪টি বিভাগীয় শহরে টেস্টিং ল্যাবরেটরি স্থাপন প্রকল্প, লেঃ কর্নেল মোঃ রেজাউল করিম, পরিচালক (পঃপ্রঃউঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, লেঃ কর্নেল জিল্লুর রহমান, পরিচালক অপারেশন ও মেইনটেন্স, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, জনাব মোঃ মোশারফ হোসেন, উপসচিব, প্রকল্প পরিচালক, ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্প, জনাব গুল্লাহ সিংহ (পরিচালক), বাস্তবায়ন ও পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, জনাব মো: মাহবুবুর রব, প্রকল্প পরিচালক, পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস ও ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প, জনাব সুব্রত কুমার রায়, প্রকল্প পরিচালক, জামালপুর জেলা কারাগার পুনঃনির্মাণ প্রকল্প (অতিরিক্ত দায়িত্ব), জনাব মোঃ ইলিয়াছ হোসেন, প্রকল্প পরিচালক, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্প, জনাব সুব্রত কুমার রায়, প্রকল্প পরিচালক, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, জনাব মোঃ হামিমুর রশিদ, উপ পরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), জনাব রামেশ্বর দাস, সহকারী প্রকল্প পরিচালক, সহকারী পরিচালক, গবেষণা ও প্রকাশনা, জনাব আবু নোমান মোঃ জাকির হোসেন, উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর। |

সভাপতি উপস্থিত কর্মকর্তা, সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)কে অনুরোধ করেন।

০২। সভায় গত ০৫ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত মার্চ, ২০২২ মাসের এডিপি সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) সভাকে জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (আরএডিপি) সুরক্ষা সেবা বিভাগের ১৬টি প্রকল্পের অনুকূলে ১৩২২.৯৯ কোটি টাকা বরাদ্দ আছে, যার পুরোটাই জিওবি খাতে। বরাদ্দকৃত অর্থ হতে এপ্রিল, ২০২২ পর্যন্ত ১২৪৯.৩৮ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে, যা বরাদ্দের ৯৪.৪৩% এবং মোট ব্যয় হয়েছে ৩০৭.১১ কোটি টাকা, যা মোট বরাদ্দের ২৩.২১% এবং অবমুক্তকৃত অর্থের ২৪.৫৮%। সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী বর্তমান অর্থবছরের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং বরাদ্দকৃত এডিপি বরাদ্দের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি নির্দেশনা প্রদান করেন।

০৪। এ পর্যায়ে সংস্থাওয়ারী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) সভাকে জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের এডিপি'তে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (এফএসসিডি) কর্তৃক বাস্তবায়নাধীন ৫টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৩৫০.০৫ কোটি টাকা, অবমুক্ত করা হয়েছে ৩২৬.৭৩ কোটি, টাকা যা বরাদ্দের ৯৩.৩৩%। প্রকল্পের অনুকূলে এ সময়কালে ব্যয় হয়েছে মোট ৮৭.৬৩ কোটি টাকা, যা বরাদ্দের ২৫.০৩% এবং অবমুক্তকৃত অর্থের ২৬.৮২%। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ০১টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৩১.৯৭ কোটি টাকা, অবমুক্ত করা হয়েছে ৩১.৯৭ কোটি টাকা, ব্যয় হয়েছে ১.৬৯ কোটি টাকা যা বরাদ্দের ৫.২৯%। কারা অধিদপ্তরের ৮টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ২২২.৯৭ কোটি টাকা, অবমুক্ত করা হয়েছে ১৭২.৬৮ কোটি টাকা যা, বরাদ্দের ৭৪.৪৪%। প্রকল্পসমূহের অনুকূলে ব্যয় হয়েছে ১১১.১২ কোটি টাকা, যা মোট বরাদ্দের ৪৯.৮৪% এবং অবমুক্তকৃত অর্থের ৪৯.৮৩%। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ৭১৮.০০ কোটি টাকা, অবমুক্ত হয়েছে ৭১৮.০০ কোটি টাকা, যা বরাদ্দের ১০০%। প্রকল্প দুটির অনুকূলে এ পর্যন্ত ব্যয় হয়েছে ১০৬.৬৭ কোটি টাকা, যা বরাদ্দের ১৪.৮৬% এবং অবমুক্তকৃত অর্থের ১৪.৮৬%। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, আরএডিপি বরাদ্দ ও অবমুক্ত অর্থের তুলনায় ব্যয়ের পরিমাণ কম হওয়ার কারণ কী তা পর্যালোচনা করা প্রয়োজন।

০৫। **<u>বাস্তবায়নাধীন প্রকল্পসমুহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:</u>**

**<u>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর প্রকল্প:</u>**

**<u>৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন প্রকল্প:</u>**

**<u>আলোচনাঃ</u>**

অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) সভায় জানান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ০১টি প্রকল্প চলমান রয়েছে, যা জুন ২০২২ সময়ে সমাপ্ত হবে। এ পর্যায়ে প্রকল্প পরিচালক সভাকে বলেন যে, রাজশাহী, সিলেট ও বরিশাল এবং চট্টগ্রামের ভৌত নির্মাণ কাজ প্রায় ৯৭% সমাপ্ত হয়েছে। জেনারেটর, সিসিটিভি স্থাপনের কাজ চলমান রয়েছে। প্রকল্প হতে ২৯ প্রকার যন্ত্রপাতি সংগ্রহের জন্য টেন্ডার আহবান করা হয়েছিল ও এগুলো সরবরাহের জন্য কার্যাদেশ দেওয়া হয়েছে; অচিরেই সরবরাহ করা হবে ও বরাদ্দকৃত অর্থ ব্যয় করা সম্ভব হবে। যুগ্মসচিব (পরিকল্পনা-১)-এর এক প্রশ্নের জবাবে গণপূর্ত বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী বলেন যে, লিফট ২০ জুন ২০২২ তারিখের মধ্যে স্থাপন করা যাবে। এ পর্যায়ে প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের আরডিপিপি কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের প্রায় ১৮ কোটি টাকা উপকরণের জন্য নির্ধারিত এবং বাকি অর্থ ছাড় করা হয়েছে। উপকরণ সংগ্রহের পর এই অর্থ ছাড় করা হবে। সভাপতি বলেন, প্রকল্পটি জুন, ২০২২ এ সমাপ্ত করতে হবে এবং এ সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

**সিদ্ধান্ত:**

(ক) জুন, ২০২২ এর মধ্যে প্রকল্প সমাপ্তির জন্য প্রয়োজনীয় সকল উদ্যোগ নিতে হবে;

(খ) প্রকল্পের কার্যক্রম অসম্পূর্ণ রেখে প্রকল্প সমাপ্ত করা হলে সংশ্লিষ্ট ব্যক্তিদের দায়দায়িত্ব নির্ধারণ করে জবাবদিহি করতে হবে;

(গ) লিফট সহ অন্যান্য উপকরণ ২০ জুন ২০২২ এর মধ্যে স্থাপন নিশ্চিত করতে হবে;

(ঘ) প্রাক-জাহাজীকরণ পরিদর্শনে প্রস্তাবকৃত উপকরণের মান নিশ্চিত করতে হবে ও উপকরণ ত্রুটিপূর্ণ হলে দায়-দায়িত্ব বহন করতে হবে।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নতুন প্রকল্পসমূহঃ**

| ক্রম | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | মর্ডানাইজেশন অব ডিএনসি (জানুয়ারি ২০২২ থেকে ডিসেম্বর ২০২৪ | গত ০২/১১/২০২১ তারিখের যাচাই বাছাই কমিটির সভার সিদ্ধান্তমতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকল্পে যন্ত্রপাতি ও প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করে ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান রয়েছে মর্মে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে সভাকে জানানো হয়েছে। প্রকল্পের মেয়াদ যুক্তি সঙ্গত সময়ে নির্ধারণ করতে হবে মর্মে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। |
| ২. | ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকায়ন (জুলাই ২০২০ হতে জুন ২০২৩) | পরিকল্পনা কমিশনের পর্যবেক্ষণ অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি ২৯/১১/২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ হতে একনেকে উপস্থাপনের জন্য রয়েছে। |
| ৩. | মাদকাসক্ত শনাক্তকরণে ডোপ টেস্ট প্রবর্তন (প্রথম পর্যায়) (জানুয়ারি ২০২২ থেকে ডিসেম্বর ২০২৪) | গঠিত ডিপিপি'র উপর গত ১৭/০২/২০২২ তারিখে যাচাই সভার সিদ্ধান্তমতে অধিদপ্তর ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান রয়েছে। প্রকল্পটির নাম ড্রাগ এডিকশন টেস্ট বা ড্রাগ এবিউজ টেস্ট বা যুক্তিসংগত নাম করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। সে অনুযায়ী ডিপিপি প্রেরণ করতে হবে। |
| ৪. | ০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নির্মাণ (জানুয়ারি ২০২১ হতে জুন ২০২৩) | গত ০৮/০৭/২০২১ তারিখে প্রকল্পটির পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। জমির ডিজিটাল সার্ভে ও ব্যয় প্রাক্কলনপূর্বক পরিকল্পনা কমিশনের নির্দেশনা মোতাবেক ডিপিপি পুনর্গঠনের জন্য ২৩/০১/২০২২ তারিখে গণপূর্ত অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের মেয়াদ যুক্তিসংগত সময়ে করতে হবে মর্মে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। |
| ৫. | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা অফিস ভবন নির্মাণ (১ম পর্যায়ে ০৭টি) (০১/০৭/২০২০ থেকে ০১/০৬/২০২৩) | ৭টি জেলার নিজস্ব জমির ডিজিটাল সার্ভে সম্পন্ন হয়েছে। ডিপিপি যাচাই কমিটির সভার জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ১২ মে এর যাচাই কমিটির সভার জন্য নির্ধারিত। |

**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রকল্পসমূহ:**

**বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্পঃ**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, প্রকল্পটি জুলাই ২০১৮ হতে জুন, ২০২৮ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত আছে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৪৬৩৫.৯১ কোটি টাকা এবং চলতি অর্থবছরের আরএডিপি বরাদ্দ ৬৮৮.০০ কোটি টাকা। অতিরিক্ত প্রকল্প পরিচালক কর্নেল আনোয়ার সাদত আবু মো: ফুয়াদ জানান, এ অর্থবছরে অতিরিক্ত ৩০ লক্ষ তৈরীকৃত ই-পাসপোর্ট বুকলেট আমদানীর লক্ষ্যে ভেরিয়েশন প্রস্তাব CCGP হতে অনুমোদন পাওয়া গিয়েছে। তদপ্রেক্ষিতে অনুমোদনের ৩০ দিনের মধ্যে Veridos GmbH এর সাথে চুক্তি সম্পাদন করা হবে। এ বিষয়ে সভাপতি বলেন, কোন প্রকার সময়ক্ষেপণ না করে দ্রুততম সময়ে চুক্তি সম্পাদন এবং বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, সময় স্বল্পতার জন্য চেকলিস্ট তৈরী করে অতিরিক্ত ৩০ লক্ষ তৈরীকৃত ই-পাসপোর্ট বুকলেট সংগ্রহ দ্রুত সম্পন্ন করতে হবে। তিনি প্রকল্পের অনুকূলে আরডিপিপিতে বরাদ্দকৃত অর্থ নির্ধারিত সময়ের মধ্যে ব্যবহারের

বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

অতিরিক্ত প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়নের কাজ শেষ পর্যায়ে রয়েছে এবং প্রকল্প পরিচালক জার্মানী থেকে আসার পর এ মাসের ৩য়/৪র্থ সপ্তাহে মধ্যবর্তী মূল্যায়ন প্রতিবেদন দাখিল করা হবে। তিনি বলেন যে, মধ্যবর্তী মূল্যায়নের প্রতিবেদন দাখিলের পর ডিপিপি সংশোধন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। এ বিষয়ে যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) বলেন, ইতোমধ্যে প্রকল্পের আন্ত:খাত সমন্বয়ের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করা হয়েছে। যদি দ্রুততম সময়ে ডিপিপি সংশোধনপূর্বক অনুমোদন করতে পারা যায় তাহলে আন্ত:খাত সমন্বয়ের প্রয়োজন হবে না। ইমিগেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক বলেন যে, ডিপিপি সংশোধনের কাজ শুরু করা হয়েছে। কী কী বিষয় সংশোধিত ডিপিপিতে আসবে, তা নির্ধারণ করা হয়েছে, সুতরাং ডিপিপি সংশোধনের কাজ দ্রুতই শেষ করা সম্ভব হবে। সভাপতি বলেন যে, মধ্যবর্তী মূল্যায়নের সুপারিশের প্রতিফলন করে ডিপিপি সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। তিনি আগামী ১৫ জুন, ২০২২ তারিখের মধ্যে সংশোধিত ডিপিপি প্রেরণ করার নির্দেশ প্রদান করেন।

অতিরিক্ত প্রকল্প পরিচালক জানান, ই-পাসপোর্ট মালামাল সংক্রান্ত স্টক টেকিং এর সমস্যাবলী বিষয়ে গত ২২ এপ্রিল, ২০২২ তারিখে Veridos GmbH কে পত্র দেওয়া হয়েছে এবং খুব দ্রুতই এর সমাধান করা হবে। সভাপতি বলেন, প্রায় ১ (এক) বছর ধরে স্টক টেকিং-এর বিষয়টি অনিষ্পন্ন হয়ে আছে। তিনি বিষয়টি সমাধানের জন্য একটি সময় নির্ধারণ করতে এবং Veridos GmbH কোম্পানিকে Guide করার নির্দেশনা প্রদান করেন। মহাপরিচালক বলেন যে, পাসপোর্ট সেবা প্রদানের ক্ষেত্রে ব্যাক এন্ড আটকে থাকলে সেবা প্রার্থীদের-কে এসএমএস প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে। তাছাড়া, এ মাসের ১২ তারিখ হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমান বন্দরে ই-গেইট চালু করা হবে।

**সিদ্ধান্ত:**

(ক) চাহিদা অনুযায়ী ই-পাসপোর্ট সরবরাহ করার লক্ষ্যে প্রকল্পের আওতায় অতিরিক্ত ৩০ লক্ষ রেডি ই-পাসপোর্ট বুকলেট সংগ্রহ দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে;

(খ) প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন মে, ২০২২-এর মধ্যে সম্পন্ন করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে মধ্যবর্তী মূল্যায়নের সুপারিশ সংশোধিত ডিপিপিতে প্রতিফলিত করতে হবে।

(গ) ১৫ জুন, ২০২২-এর মধ্যে ডিপিপি সংশোধনের কাজ সম্পন্ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;

(ঘ) ই-পাসপোর্টের মালামাল সংক্রান্ত স্টক টেকিং এর সমস্যাবলি মে, ২০২২-এর মধ্যে নিষ্পত্তি করতে হবে;

**১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্পঃ**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, প্রকল্পটির সংশোধিত ডিপিপি জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে ১২৮৩৯.৭৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। এ পর্যায়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পটি একনেকে অনুমোদনের পূর্বেই টেন্ডার এর প্রাথমিক কার্যক্রম সম্পন্ন করা হয়েছিল এবং ডিপিপি সংশোধনের সরকারি আদেশ পাওয়ার পর কার্যাদেশ প্রদান করা হয়েছে। তিনি বলেন, সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা অনুযায়ী ঠিকাদারকে দ্রুত নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। তবে রোডম্যাপ অনুযায়ী আঞ্চলিক পাসপোর্ট অফিসসমূহের নির্মাণ কাজ কিছুটা পিছিয়ে আছে। আগামী জুলাই এর মধ্যে ০৮ (আট) টি আঞ্চলিক পাসপোর্ট অফিসের নির্মাণ কাজ শেষ হবে। তিনি আরো জানান যে, পিরোজপুর আঞ্চলিক অফিস নির্মাণ কাজ চুক্তি অনুযায়ী কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। সভাপতি বলেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা তদারকি করতে হবে। তিনি চুক্তি অনুযায়ী কাজের অগ্রগতির নিয়মিত মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন যে, প্রকল্পের আর মেয়াদ বৃদ্ধি করা যাবে না, সুতরাং নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সমুদয় কাজ

যথাযথভাবে শেষ করতে হবে।

**সিদ্ধান্ত:**

(ক) প্রকল্পটি ডিসেম্বর, ২০২২-এর মধ্যে সমাপ্ত করার লক্ষ্যে সেপ্টেম্বর, ২০২২-এর মধ্যে নির্মাণকাজ সম্পন্ন করার কর্মপরিকল্পনা করতে হবে;

(খ) প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন;

(গ) প্রকল্পের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য প্রতিটি আঞ্চলিক অফিসের নির্মাণ কার্যক্রম রোডম্যাপ অনুযায়ী পরিচালিত হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট সকলকে তদারকি করতে হবে,

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে ২০২২ এর মধ্যে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সম্পন্ন করতে হবে।

**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নতুন প্রকল্পসমূহ:**

| ক্র:নং | প্রকল্পের নাম | অগ্রগ্রতি |
|---|---|---|
| ১. | Implementation of e-Visa Bangladesh (০১.০৭.২০২১ থেকে ৩০.০৬.২০২৬) (উচ্চ অগ্রাধিকার) | ই-ভিসা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য G2G ভিত্তিতে প্রতিষ্ঠানের সক্ষমতা নির্ধারণের জন্য গঠিত কমিটির সভা সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ২. | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের এরজন্য আধুনিক প্রশিক্ষন নির্মাণ (০১.১২.২০২১ থেকে ৩০.০৬.২০২৪) (উচ্চ অগ্রাধিকার) | এ প্রকল্পের জন্য ঢাকার কেরানিগঞ্জে জমি চিহ্নিত করা হয়েছে। আগামী ১২/০৫/২০২২ খ্রিস্টাব্দ তারিখে এ প্রকল্পের যাচাই কমিটির সভা আহবান করা হয়েছে। নতুন প্রকল্পের ক্ষেত্রে যে কোন জনবল নিয়োগের জন্য অর্থ বিভাগের জনবল সংক্রান্ত কমিটির অনুমোদন নিতে হবে বিধায় পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণের পুর্বে এ সংক্রান্ত প্রস্তাব প্রেরণ অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। |

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রকল্পসমূহঃ**

**দেশের গুরুত্বপুর্ণ ২৫টি (সংশোধিত-৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধন) প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) সভাকে জানান যে, এ অর্থ বছরে প্রকল্পটি সমাপ্ত হওয়ার জন্য নির্ধারিত। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, এ প্রকল্পের অধীনে ০৫টি স্টেশনে নির্মাণ কাজ চলমান রয়েছে। এর মধ্যে তিনি গোপালগঞ্জ পরিদর্শন করেছেন ও বাকি ০৪টি স্টেশন তিনি চলতি মাসে পরিদর্শন করবেন। মে, ২০২২ সময়ে সকল স্টেশন নির্মাণ শেষ হবে বলে তিনি আশা ব্যক্ত করেন। জমি অধিগ্রহণের বিষয়ে প্রকল্প পরিচালক বলেন যে, বাদ পড়া ০৮টি স্টেশনের মধ্যে ০২টির জমি বুঝে নেওয়া হয়েছে, ০১টির টাকা দেওয়া হয়েছে। বকিগুলোর জমি এখনও বুঝে নেওয়া হয়নি। সভাপতি জুন, ২০২২ এর মধ্যে মানসম্মতভাবে নির্মাণকাজ ও জমি অধিগ্রহণ ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে ২০২২ এর মধ্যে প্রকল্পের ০৪টি করে পিএসসি ও পিআইসি সভা সম্পন্ন করতে হবে;

(খ) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী কাজ করার বিষয়টি প্রকল্প পরিচালক নিশ্চিত করবেন। প্রকল্পের যাবতীয় কার্যক্রম ১৫ জুন, ২০২২ তারিখের মধ্যে শেষ করতে হবে।

(গ) প্রকল্পের কোন কাজ/অংগ অসমাপ্ত থাকলে এর জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করতে হবে।

**দেশের গুরুত্বপুর্ণ উপজেলা সদর/স্থানে ১৫৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধন) প্রকল্প:**

**আলোচনা**

অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) সভাকে জানান যে, প্রকল্পটি জুন ২০২২ সময়ে সমাপ্ত হওয়ার জন্য নির্ধারিত। প্রকল্প পরিচালক সভাকে বলেন যে, প্রকল্পের অধীনে ১৪৩টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের মধ্যে ১৩৪টি স্টেশনের নির্মাণ কাজ শেষ হয়েছে ও ০৯টি স্টেশনের নির্মাণ কাজ চলছে। প্রকল্পে অধীনে বাগেরহাট (চিতলমারী) এবং কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ-এর ভৌত অবকাঠামো নির্মাণ কাজ একটু পিছিয়ে রয়েছে। এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর সভাকে বলেন যে, সিলেট (বিশ্বনাথ) এর কাজ দেরিতে শুরু হয়েছে ও কৃষি বিশ্ববিদ্যালয়ে বাউন্ডারী জমি নিয়ে সমস্যা রয়েছে। সভাপতি জুন, ২০২২ এর মধ্যে নির্মাণকাজ ও জমি অধিগ্রহণ ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(ক) বাদ পড়া স্টেশনসমূহের জমি অধিগ্রহণ প্রক্রিয়াগুলো ২০২২ এর মধ্যে সমাপ্ত করতে হবে;
(খ) ১৬ জুন ২০২২ তারিখের মধ্যে প্রকল্পের যাবতীয় কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে;
(গ) প্রকল্পের কোন কাজ/অংগ অসমাপ্ত থাকলে দায়-দায়িত্ব নির্ধারণ করতে হবে।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরী ইউনিট সম্প্রসারণ প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) সভায় জানান যে, প্রকল্পটি জুন ২০২২ সময়ে সমাপ্তির জন্য নির্ধারিত। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, এ প্রকল্পের ০৯টি সরঞ্জাম সংগ্রহের জন্য কাজের আদেশ দেওয়া হয়েছে ও উপকরণ পাওয়া গেলে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পাবে। প্রকল্প পরিচালক আরো জানান যে, প্রকল্পের অধীনে ২২ মে এবং ০৬ জুন হতে ০২টি ব্যাচে ইংল্যান্ডে ৩০ জন ডুবুরীকে ০২ ভাগে বিভক্ত করে প্রশিক্ষণের উদ্যোগ নেওয়া হয়েছে। সভাপতি প্রকল্পটি যথাসময়ে শেষ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে ২০২২ এর মধ্যে প্রকল্পের সকল পিএসসি ও পিআইসি সভা সম্পন্ন করতে হবে;
(খ) প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।
(গ) যথাসময়ে উপকরণ সংগ্রহ না করার জন্য জটিলতা হলে সংশ্লিষ্টদের দায়-দায়িত্ব নির্ধারণ করতে হবে।

**১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) সভাকে বলেন যে, জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২৩ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়ন হচ্ছে। প্রকল্প পরিচালক সভাকে বলেন যে, এ প্রকল্পের আওতায় ০২টি স্টেশনের কাজ শেষ হয়েছে। বাকি ০৫টি স্টেশনের কাজ জুন/২০২১ এর মধ্যে শেষ হবে। রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, পাবনা এবং কালুরঘাট, চট্টগ্রামে মডার্ণ ফায়ার স্টেশন নির্মাণের জন্য টেন্ডার আহবান করা হয়েছে। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে মানসম্মতভাবে নির্মাণ কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(ক) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;

(খ) এই প্রকল্পের আওতায় ০৩টি স্টেশন নির্মাণের জন্য এপিএতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রকল্প পরিচালক এই লক্ষমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিবেন;

(গ) প্রকল্প পরিচালক নিয়মিত প্রকল্পের স্থানসমূহ পরিদর্শন করবেন ও মানসম্মতভাবে নির্ধারিত সময়ের মধ্যে অবকাঠামো নির্মাণ নিশ্চিত করবেন এবং প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবেন;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে ২০২২ এর মধ্যে অর্থবছরে প্রকল্পের সকল পিএসসি ও পিআইসি সভা সম্পন্ন করতে হবে।

**Strengthening Ability of Fire Emergency Response (SAFER) Project প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) সভাকে বলেন যে, এ বিভাগের কারিগরি সহায়তায় প্রকল্পটি অক্টোবর ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের আওতায় নির্মাণাধীন ভৌত অবকাঠামো কাজ শেষ হয়েছে। তিনি আরো জানান যে, দক্ষিণ কোরিয়া হতে গত সপ্তাহে উপকরণ শিপমেন্ট করা হয়েছে এবং ২৫ মে এর মধ্যে উপকরণ পোর্টে পৌঁছোবে । এ পর্যায়ে তারা CEF এজেন্ট নির্বাচনের কাজ করছে। দেশে এগুলো পৌঁছালে তা দ্রুত স্থাপন করা হবে।

**সিদ্ধান্ত:**

(ক) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী কাজ হচ্ছে কিনা প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে তদারকি করতে হবে;

(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে ২০২২ এর মধ্যে প্রকল্পের ০৪টি পিএসসি ও পিআইসি সভা সম্পন্ন করতে হবে;

(গ) উপকরণ স্থাপন ও এ্গুলো পরিচালনার জন্য অধিদপ্তরের কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নতুন প্রকল্পসমূহঃ**

| ক্রম | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ (ফেইজ-২) প্রকল্প (জুলাই ২০২১ হতে জুন ২০২৩) | গত ১৫/১১/২০২১ তারিখের পিইসি সভা অনুষ্ঠিত হয়। ডিপিপি গত ১১/০১/২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। একনেক সভায় উপস্থাপনের জন্য অপেক্ষমাণ। |
| ২. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১০টি বিশেষায়িত অগ্নিনির্বাপণ ও উদ্ধার ইউনিট স্থাপন প্রকল্প (জুলাই ২০২১ হতে জুন ২০২৫) | গত ২০/১২/২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রস্তাবিত ডিপিপি'র উপর যাচাই কমিটির সভা হয়। অধিদপ্তরে ডিপিপি পুনর্গঠন এর কাজ চলমান রয়েছে। |
| ৩. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকতা কর্মচারীদের জন্য ৬টি বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ (জানুয়ারি ২০২২ হতে জুন ২০২৪) । | গত ২১/১২/২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগ হতে ডিপিপি'র উপর যাচাই কমিটির সভা হয়। উক্ত সভার সিদ্ধান্তমতে অধিদপ্তরে ডিপিপি পুনর্গঠন এর কাজ চলমান রয়েছে। |
| ৪. | দেশের গুরুত্বপূর্ণ ৩১টি স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প (মার্চ ২০২২ হতে জুন ২০২৫) | যাচাই কমিটির সভার পর ডিপিপি পুর্নগঠনের কাজ চলছে। পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণের পূর্বে প্রকল্পের নাম পুনর্গঠন করতে হবে। |

**কারা অধিদপ্তর-এর প্রকল্পসমূহঃ**

**খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প:**

**আলোচনা:**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই, ২০২১ হতে জুন, ২০২৩ মেয়াদে ২৮৮.২৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, আরডিপিপি অনুমোদিত হওয়ায় যে সকল টেন্ডার করে রাখা হয়েছিল তার কার্যাদেশ দেওয়া হয়েছে। বাকী ৩ (তিন)টি প্যাকেজের টেন্ডার দ্রুততম সময়ে সম্পন্ন করা হবে। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) বলেন, সংশোধিত ডিপিপি অনুমোদিত হওয়ায় প্রকল্পকাজের সংস্থান অনুযায়ী কর্মপরিকল্পনা তৈরী করে বাস্তবায়ন কাজ শুরু এবং মনিটরিং করা প্রয়োজন। সভাপতি অনুমোদিত আরডিপিপি অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্পের যাবতীয় কাজ সম্পন্ন করার লক্ষ্যে রোডম্যাপ প্রণয়ন করে বিশেষ উদ্যোগ গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্তঃ**

(ক) নতুন কর্মপরিকল্পনা তৈরী করে মাসভিত্তিক টার্গেট অনুযায়ী কাজ হচ্ছে কিনা প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে তদারকি করতে হবে;

(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে, ২০২২ এর মধ্যে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সম্পন্ন করতে হবে।

**কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী নির্মাণ প্রকল্প:**

**আলোচনা:**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, প্রকল্পটি জুলাই ২০১৫ হতে জুন ২০২২ মেয়াদে ৭৩.৪২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদিত। প্রকল্প পরিচালক বলেন, গত ০৯/০৩/২০২২ খ্রি: তারিখে পিইসি সভা হয়েছে। পিইসি সভার নির্দেশনার আলোকে আরডিপিপি পুনর্গঠন করে গত ০৮/০৪/২০২২ তারিখ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) বলেন যে, সংশোধিত প্রকল্পটি অনুমোদনের পর্যায়ে রয়েছে, সুতরাং অনুমোদনের পরপরই যাতে প্রকল্প কাজ শুরু করা যায়, সেজন্য প্রকল্পের টেন্ডারের প্রাথমিক কার্যক্রম সম্পন্ন করে রাখা যেতে পারে; তবে আরডিপিপি অনুমোদনের পূর্বে work order দেওয়া যাবে না। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের পুনর্গঠিত আরডিপিপি'তে জুন, ২০২৩ এ সমাপ্তির জন্য প্রস্তাব করা হয়েছে। তিনি বলেন, পুনর্গঠিত আরডিপিপি অনুমোদন হলেই প্রকল্পের কাজ দ্রুত গতিতে সম্পন্ন করা সম্ভব হবে। সভাপতি নির্ধারিত সময়ে প্রকল্প কাজ সমাপ্তির জন্য রোডম্যাপ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্তঃ**

(ক) প্রকল্পটির বিভিন্ন কম্পোনেন্টের টেন্ডার কার্যক্রম সম্পন্ন করে রাখতে হবে; তবে আরডিপিপি অনুমোদনের পূর্বে কার্যাদেশ দেওয়া যাবে না;

(খ) জুন, ২০২৩ মেয়াদ রেখে আরডিপিপি পুনর্গঠন করে দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণের উদ্যোগ নিতে হবে;

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে ২০২২ এর মধ্যে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সম্পন্ন করতে হবে।

**ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প:**

**আলোচনা:**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, প্রকল্পটি ১২৭৬০.৬৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৫ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের মূল ডিপিপি অনুযায়ী প্রায় সকল পূর্ত ও নির্মাণ কাজ শেষের দিকে। সংশোধিত ডিপিপির উপর ১২/০১/২০২২খ্রি: তারিখে অনুষ্ঠিত পিইসি সভার

পর্যবেক্ষণসমূহের আলোকে গনপূর্ত বিভাগের মাধ্যমে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে। পুনর্গঠিত সংশোধিত ডিপিপি শীঘ্রই পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। সভাপতি, পুনর্গঠিত আরডিপিপি অনুমোদনের প্রক্রিয়াকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

**<u>সিদ্ধান্তঃ</u>**

(ক) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে;

(খ) ১৫ মে, ২০২২ এর মধ্যে আরডিপিপি পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে;

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে, ২০২২ এর মধ্যে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সম্পন্ন করতে হবে।

**কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ) প্রকল্প:**

**<u>আলোচনা:</u>**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, প্রকল্পটি ৪৯.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২১ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। গত অর্থ বছরে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ সমাপ্ত করার লক্ষ্যমাত্রা থাকলেও প্রকল্প সমাপ্ত হবে না বিবেচনায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ এক বছর অর্থাৎ জুন, ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প পরিচালক বলেন, জ্যামার ক্রয়ের নিমিত্ত টেন্ডার আহবান করা হয়েছে এবং গত ২০/০৪/২০২২ খ্রি: তারিখে দরপত্র খোলা হয়েছে। তিনি আরো জানান, নির্ধারিত সময়ের মধ্যেই জ্যামার ক্রয় সম্পন্ন করা হবে। কারা মহাপরিদর্শক বলেন, প্রকল্পটির কার্যক্রম সম্পন্ন করতে আরো ০৬ (ছয়) মাস সময় বৃদ্ধির জন্য পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

**<u>সিদ্ধান্তঃ</u>**

(ক) প্রকল্পের সকল উপকরণের স্টক রেজিষ্টার এবং সেগুলোর বর্তমান অবস্থার একটি প্রতিবেদন প্রণয়ন করে অতি দ্রুত সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;

(খ) যথাসময়ে মোবাইল জ্যামারের উপকরণ সংগ্রহ করে প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে, যথা সময়ে উপকরণ সংগ্রহ করা না গেলে এর জন্য দায়-দায়িত্ব নির্ধারন করতে হবে;

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে ২০২২ এর মধ্যে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সম্পন্ন করতে হবে।

**পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প:**

**<u>আলোচনাঃ</u>**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, প্রকল্পটি ৬০৭.৩৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের আওতায় তিনটি জোন অর্থাৎ এ, বি ও সি জোনের মধ্যে জোন বি এর কাজ চলছে। তিনি বলেন, চলতি অর্থবছরের বরাদ্দকৃত সমূদয় অর্থ ব্যয় করা যাবে। তিনি আরো বলেন, আরডিপিপি প্রণয়নের কাজ প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সচিব, সুরক্ষা সেবা বিভাগ-এর সভাপতিত্বে একটি কারিগরি কমিটির সভা শীঘ্রই করা হবে। এ পর্যায়ে, বাস্তবায়নকারী সংস্থা সেনাবাহিনীর প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী চলমান রয়েছে এবং তা নিয়মিত তদারকি করা হচ্ছে। সভাপতি বলেন যে, প্রকল্পটি এ বিভাগের গুরুত্বপূর্ণ একটি প্রকল্প এবং অন্য সকল প্রকল্প থেকে ভিন্নতর। প্রকল্পের সংরক্ষণ অংশে সতর্কতার সাথে কাজ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।

**<u>সিদ্ধান্তঃ</u>**

(ক) ডিপিপি সংশোধনের কার্যক্রম ১৫ জুন, ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে;

(খ) প্রকল্প কার্যক্রম রোডম্যাপ অনুযায়ী যথাযথভাবে দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে;

(গ) প্রকল্পের সংরক্ষণ অংশের কার্যক্রমে সবাইকে সতর্ক থাকতে হবে যাতে কোন প্রকার ভুল করা না হয়। সংরক্ষণমূলক কাজের ক্ষেত্রে এক অংশের কাজ শেষ হলে তা যথাযথভাবে সংরক্ষণ করে অন্য অংশের কাজ শুরু করতে হবে।

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে, ২০২২ এর মধ্যে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ হবে।

**কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প:**

**আলোচনা:**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জানুয়ারি ২০১৯ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে ৬২৪.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পাদনের জন্য একটি সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তিনি বলেন, চুক্তি অনুযায়ী পেরিমিটার বাউন্ডারীর কাজ দ্রুত শুরু করার জন্য ঠিকাদারকে তাগিদ দেওয়া হয়েছে। তিনি আরো বলেন, কারাগারের সীমানায় বিদ্যমান রাস্তার বিষয়টি সমাধানের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। সভাপতি বলেন, চুক্তির শর্ত অনুযায়ী কার্যক্রম যথাসময়ে সম্পাদন না করলে ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্তঃ**

(ক) প্রতিটি অংগের কার্যক্রম বাস্তবায়নের জন্য সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং পরবর্তী সভায় এটি উপস্থাপন করতে হবে;

(খ) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী কাজ হচ্ছে কিনা প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে তদারকি করতে হবে;

(গ) চুক্তির শর্ত অনুযায়ী কার্যক্রম যথাসময়ে সম্পন্ন না করলে ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে, ২০২২ এর মধ্যে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সম্পন্ন করতে হবে।

**নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প:**

**আলোচনা:**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, প্রকল্পটি ৩২৬.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে সেপ্টেম্বর ২০১৯ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত আছে। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের কার্যক্রমের কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ চলছে। এ প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ২ (দু্ই) বছর বৃদ্ধির জন্য পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সভাপতি বলেন, Roadmap অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং তা নিয়মিত তদারকি করতে হবে।

**সিদ্ধান্তঃ**

(ক) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে;

(খ) পূর্ত কাজের সাথে সামঞ্জস্য রেখে করে ক্রয় পরিকল্পনা ও কর্মপরিকল্পনা করতে হবে এবং এ বিভাগে প্রেরণ করতে হবে;

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী মে, ২০২২ এর মধ্যে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সম্পন্ন করতে হবে।

**জামালপুর জেলা কারাগার পুন: নির্মাণ প্রকল্প:**

**আলোচনা:**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, প্রকল্পটি ২১০.০৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের ০৭টি প্যাকেজে পূর্ত কাজ চলছে। পূর্ত কাজের ২টি প্যাকেজের মধ্যে প্যাকেজ-২ এর নির্মাণ কাজ চলমান আছে। প্যাকেজ-১ এর মূল্যায়নের জন্য বর্তমানে প্রস্তাব গণপূর্ত মন্ত্রণালয়ে রয়েছে এবং প্যাকেজ-৩ থেকে ৭ পর্যন্ত প্যাকেজের টেকনিক্যাল অনুমোদনের জন্য গণপূর্ত সার্কেল অফিসে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রকল্পে সংস্থানকৃত যানবাহন ক্রয়ের লক্ষ্যে টেন্ডার আহবান করা হয়েছে। সভাপতি প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যা আছে কিনা জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ করা হচ্ছে, কোন সমস্যা নেই। সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম তদারকি অব্যাহত রাখার জন্য সভাপতি প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।

**সিদ্ধান্তঃ**

(ক) দ্রুততার সঙ্গে প্যাকেজগুলোর টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে ভৌত অবকাঠামো নির্মাণ কাজ শুরু করতে হবে;

(খ) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী কাজ হচ্ছে কিনা প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে তদারকি করতে হবে;

(গ) পূর্ত কাজের সাথে সমন্বয় করে প্রকল্পের ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মে, ২০২২ এর মধ্যে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে।

**কারা অধিদপ্তর-এর নতুন প্রকল্পসমূহঃ**

| ক্র নং | প্রকল্পের নাম | সর্বশেষ অগ্রগতি |
|---|---|---|
| ১. | বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমী নির্মাণ প্রকল্প। (জুলাই ২০২২ হতে জুন ২০২৫) (উচ্চ অগ্রাধিকার) | প্রকল্পটির সমীক্ষা প্রতিবেদন Infrastructure Investment facilitation Company (IIFC) এর মাধ্যমে প্রণয়নের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। সে মোতাবেক IIFC কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে IIFC কর্তৃপক্ষের সাথে গত ২২/০৩/২০২২ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার আলোচনা/সিদ্ধান্ত মোতাবেক Terms of Reference (TOR) প্রণয়ন করে গত ২১/০৪/২০২২ তারিখ IIFC বরাবর প্রেরণ করা হয়েছে এবং কারিগরি ও আর্থিক প্রস্তাব আহবান করা হয়েছে। |
| ২. | কেন্দ্রীয় কারা হাসপাতাল নির্মাণ প্রকল্প। (০১/০৭/২০২১ থেকে ৩০/০৬/২০২৩) (উচ্চ অগ্রাধিকার) | কেন্দ্রীয় কারা হাসপাতাল নির্মাণ প্রকল্পের সমীক্ষা প্রতিবেদন Infrastructure Investment facilitation Company (IIFC) এর মাধ্যমে প্রণয়নের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। সে মোতাবেক IIFC কর্তৃক বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে IIFC কর্তৃপক্ষের সাথে গত ২২/০৩/২০২২ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার আলোচনা/সিদ্ধান্ত মোতাবেক Terms of Reference (TOR) প্রণয়ন করে গত ২১/০৪/২০২২ তারিখ IIFC বরাবর প্রেরণ করা হয়েছে এবং কারিগরি ও আর্থিক প্রস্তাব আহবান করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ৩. | অ্যাম্বুলেন্স, নিরাপত্তা সংক্রান্ত গাড়ি ও যন্ত্রপাতি সংগ্রহ এবং প্রশিক্ষণের মাধ্যমে কারা অধিদপ্তরের আধুনিকায়ন প্রকল্প। (০১/০৩/২০২১ থেকে ৩০/০৬/২০২২) (উচ্চ অগ্রাধিকার) | গত ১৯/১১/২০১৯ তারিখ অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি পুনর্গঠন করা হয়। পরবর্তীতে প্রকল্পের ডিপিপিতে যানবাহনের Technical Specification অন্তর্ভুক্ত করার লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক প্রণীত অ্যাম্বুলেন্স এর Technical Specification পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৩/০৬/২০২১ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণায়ে প্রেরণ করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ০৫/০৮/২০২১ তারিখ Technical Specification সংশোধন করে দেয়া হয়েছে। এ বিষয়ে গত ০৮/১১/২০২১ তারিখ অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। যাচাই কমিটির সভার জন্য অধিদপ্তরে ডিপিপি পুনর্গঠন চলছে। |
| ৪. | এ্যাকসেস টু জাস্টিস থ্রু প্রিজন এন্ড পলিসি রিফর্ম প্রকল্প (জুলাই ২০২০ হতে জুন ২০২৩) (উচ্চ অগ্রাধিকার) | এসপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক টিএপিপি সংশোধন করে ২১/০৩/২০২১ তারিখ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। গত ০৯/০৮/২০২১ তারিখ পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে; সভার সিদ্ধান্ত মোতাবেক টিএপিপি পুনর্গঠন করে ২৪/১১/২০২১ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে কিছু সংশোধনী দেয়া হয়েছে। টিএপিপি সংশোধনের কাজ চলছে। |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোকাব্বির হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৪.০৬.০০১.২১.১১৩

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৯
১৪ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অর্থ বিভাগ
২) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৭) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৮) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ
৯) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
১০) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
১১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১২) অতিরিক্ত সচিব, নিরাপত্তা ও বহিরাগমণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৩) অতিরিক্ত সচিব, কারা অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৪) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৫) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৬) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৭) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

১৮) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

১৯) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ

২০) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর

২১) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর

২২) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর

২৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

২৪) যুগ্মসচিব, পরি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

২৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

২৬) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ

২৭) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব